

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৩০৪

আগরতলা, ২৭ জুন, ২০২৬

রাজ্যের গ্রামীণ অর্থনীতিকে সমৃদ্ধ করতে
ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাংক কাজ করে চলেছে: অর্থমন্ত্রী

গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করা সমবায়ের মূল উদ্দেশ্য। ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাংক রাজ্যের গ্রামীণ এলাকার মানুষের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই ব্যাংক কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পে অংশ নিয়ে ক্ষুদ্র, প্রান্তিক চাষি ও বেকার যুবক-যুবতীদের আত্মনির্ভর করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। আজ আগরতলার নজরুল কলাক্ষেত্রে ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাংক এর ৪৩তম বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করে একথা বলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়। সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এবং বক্তব্য রাখেন।

সমবায় ব্যাংক এর বার্ষিক সাধারণ সভায় অর্থমন্ত্রী বলেন, রাজ্যের গ্রামীণ অর্থনীতিকে সমৃদ্ধ করতে এই ব্যাংক কাজ করে চলেছে। এই ব্যাংক এর ক্রেডিট ডিপোজিট রেশিও ৬৬ শতাংশ। যা রাজ্যের গড় সিডি রেশিও থেকে বেশি। ব্যাংক এর গ্রাহক পরিষেবার মানোন্নয়ন, ক্ষুদ্র ব্যবসায়ী ও সাধারণ মানুষের জন্য বিভিন্ন ঋণদান প্রকল্প আরও সহজ করার বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন। প্রসঙ্গক্রমে তিনি দেশের অর্থনৈতিক অগ্রগতির কথাও তুলে ধরেন। তিনি বলেন, ভারত বর্তমানে অর্থনৈতিক দিক দিয়ে চতুর্থ স্থানে রয়েছে।

অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, গ্রামীণ অর্থনীতির বিকাশ এবং রাজ্যকে আর্থিক দিক দিয়ে শক্তিশালী করা সমবায়ের মূল উদ্দেশ্য। তিনি বলেন, বিকশিত ভারত গঠনে সমবায়েরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রসঙ্গক্রমে তিনি বলেন, রাজ্যের বিভিন্ন স্বসহায়ক গোষ্ঠী সমবায় ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসা করে নিজেদের আত্মনির্ভর করে তুলছে।

অনুষ্ঠানে অতিথিগণ ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাংক এর বার্ষিক প্রতিবেদনের আবরণ উন্মোচন করেন। অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় বোতাম টিপে এই ব্যাংক এর বিক্রমনগর শাখার নতুন এটিএম কাউন্টারের উদ্বোধন করেন। অ্যাপেল স্টোরে মোবাইল ব্যাংকিং পরিষেবার উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। অনুষ্ঠানে ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাংক এর পক্ষ থেকে তাদের লভ্যাংশের ১৬ লক্ষ ৮৩ হাজার ৬০ টাকা রাজ্য সরকারকে ডিভিডেন্ট হিসেবে প্রদান করে। অনুষ্ঠানে সমবায় দপ্তরের সচিব তাপস রায় এবং নাবার্ডের জেনারেল ম্যানেজার তনুশ্রী ভট্টাচার্য বক্তব্য রাখেন। সমবায় ব্যাংক এর চেয়ারম্যান নাগাধিরাজ দত্ত ২০২৫-২৬ অর্থবছরের প্রতিবেদন তুলে ধরেন। স্বাগত বক্তব্য রাখেন ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর ভজন চন্দ্র রায়।

উদ্বোধনী অনুষ্ঠানের পর আগরতলার পোষ্ট অফিস চৌমুহনীস্থিত সমবায় ব্যাংক এর প্রধান কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে ব্যাংকের চেয়ারম্যান নাগাধিরাজ দত্ত এবং ম্যানেজিং ডিরেক্টর ভজন চন্দ্র রায় জানান, ২০২৫-২৬ অর্থবছরে এই ব্যাংক ১৬৬.০৮ কোটি টাকা মুনাফা করেছে। যা গত অর্থবছরের চেয়ে ৪০ শতাংশ বেশি। ব্যাংকের নিট মুনাফা ৭৮.০৮ কোটি টাকা। যা গত অর্থবছরের চেয়ে ১০৩ শতাংশ বেশি। ব্যাংকের মোট ব্যবসার পরিমাণ ৬৯৫০.৯২ কোটি টাকা। যা গত অর্থবছরের চেয়ে প্রায় ২৮৯.১১ কোটি টাকা বেশি। বর্তমানে ব্যাংকের শাখা রয়েছে ৬৭টি। এটিএম পরিষেবা রয়েছে ১২টি।
